[Sanatan Dharma]

**ফল গোছানো ব্রত**

## ফল গোছানো ব্রত সময় বা কাল

চৈত্র মাসের মহাবিষুব সংক্রান্তিতে এই ব্রত নেয়ার নিয়ম। এই ব্রত চার বছর পালন করতে হয় আর চার বছর পরে বৈশাখ মাসে বিষ্ণুপদী সংক্রান্তিতে এই ব্রতের উদযাপন করায় বিধি। কেবলমাত্র এও স্ত্রী রায় এই ব্রত গ্রহণ করতে পারেন।

## ফল গোছানো ব্রতের দ্রব্য ও বিধান

একজন ব্রাহ্মণকে চৈত্র মাসের মহাবিষুব সংক্রান্তির দিন একটি পৈতে, একটি সুপারি ও একটি পয়সা দিয়ে প্রণাম করতে হবে। সারা বৈশাখ মাস ধরে প্রতিদিন একজন করে ব্রাহ্মণ কে বৈশাখ মাসের সংক্রান্তি পর্যন্ত এমনভাবে দিতে হবে।

দ্বিতীয় বছরের সুপারি না দিয়ে তার বদলে কলা, পৈতে, মিষ্টি ও পয়সা দিয়ে একটি ব্রাহ্মণকে প্রতিদিন সারা মাস ধরে প্রণাম করা কর্তব্য। তারপরের বছর অর্থাৎ তৃতীয় বছরের কলার বদলে আম ও তার সঙ্গে পৈতে, মিষ্টান্ন ও পয়সা দিয়ে ব্রাহ্মণকে প্রণাম করার নিয়ম।

এইভাবে তিন বছর কেটে যাওয়ার পর অর্থাৎ চতুর্থ বছরের আমের বদলে ডাব পৈতে ও পয়সা দিয়ে প্রণাম করা প্রয়োজন। সবশেষে মহাবিষুব সংক্রান্তিতে চারজন ব্রাহ্মণ কে আমন্ত্রণ করে তাদের পরিতোষ সহকারে ভোজন করিয়ে,

প্রত্যেকে ব্রাহ্মণকে কাপড় ও গামছা দিতে হয় তবে সামর্থ্য না থাকলে

Published on: Jan, 09 2023 14:06

যাকে দিয়ে ব্রত নেয়া হয়েছে তাকে ধুতি, চাদর, গামছা ,পাদুকা , ছাতা ও পাখা দেওয়াই রীতি। উদযাপনের সময় রুপোর ডাব, সোনার সুপারি ও সোনার কলা গড়িয়ে দান করে ব্রত উদযাপন করতে হবে।

যাকে দিয়ে ব্রত নেয়া হয়েছে তিনি যদি উদযাপনের সময় বেঁচে না থাকেন তাহলে তার বংশের অপর কোন ব্রাহ্মণকে খুব তৃপ্তি করে ভোজন করিয়ে ওই জিনিসগুলো দান করা উচিত।

Published on: Jan, 09 2023 14:06